

নিগ্রানী কমিটির ছাত্রীদের কথা

উত্তর ২৪ পরগনা, বাগদা ব্লক, বয়ড়া গ্রাম পঞ্চায়েত

উত্তর ২৪ পরগনা জেলার অন্তর্গত সীমান্তবর্তী বাগদা ব্লকের নির্মলতা অভিযানে বিভিন্ন পথ বেছে নেওয়া হয়েছিল। মিটিং, মিছিল, আলোচনা সভা, পথ নাটিকা, দেওয়াল লিখন, লিফ্লেট বিলি, লোকগান, বিভিন্ন উপায়ে জনসচেতনতামূলক প্রচারের সাথে সাথে নিগ্রানী কমিটি অগ্রণী ভূমিকা পালন করেছে। তবে, বাগদা ব্লকের বয়ড়া গ্রাম পঞ্চায়েত এলাকার নিগ্রানী কমিটির নাম সারা ভারতে দ্বিতীয় স্থানে উঠে এসেছে।

তাদের এই সফলতার মূলে রয়েছে এই গ্রামেরই নবম ও দশম শ্রেণীর ছাত্রীদের অক্লান্ত পরিশ্রম। ২০১৩-১৪ সালে সারা বাংলাদেশে নির্মল করার জোয়ারে সামিল হয়ে বাগদা ব্লকের কিছু পঞ্চায়েতে গঠিত হয় নিগ্রানী কমিটি। তেমনই বয়ড়া গ্রাম পঞ্চায়েত এলাকায় স্থানীয় স্কুল পড়ুয়াদের নিয়ে তৈরি হয় নিগ্রানী কমিটি। এরা গত তিন বছর ধরে ভোর বেলা গাঙ্গীগিরিতে সামিল হয়েছে, বাড়ি বাড়ি গিয়ে মানুষদেরকে সচেতন করেছে। এদেরকেই সামনে রেখে বিভিন্ন প্রতিষ্ঠানে আয়োজিত হয়েছে নির্মলতা বিষয়ক আলোচনা সভা, নাটক, বসে আঁকো প্রতিযোগিতা, সাইকেল র্যালি প্রভৃতি।

এদের অদ্যম সাহস এবং উৎসাহের ওপর ভর করেই আজ এই গ্রাম পঞ্চায়েতের সকলেই শৌচালয়মুখী।

